RAJSHAHI UNIVERSITY LAW JOURNAL 2022 Vol. X ISSN 1991-8976

ISSN 1991-8976

RAJSHAHI UNIVERSITY LAW JOURNAL

Vol. X June 2022

Articles

Examine the Gap within Legal Protection of Animals Welfare in Bangladesh through the Lens of International Law

Reforming the Prosecution Service in the Subordinate Courts of Bangladesh

Shaping the Modern Police in Indian Sub-Continent with Special Reference to Police Commission 1902-1903

Dispensing Justice through Court Annexed ADR in Bangladesh : Family Court Experience

Daughter's Preferential Right of Inheritance: *Kalala* Revisited

Sexual Harassment Prevention Policy of Islamic University with Special Reference to Awareness Programs

The Responsibility to Protect in Westphalian Sovereignty: A Post Colonial Approach

Maintenance of Wife under Islamic *Shariah* and Statutory Laws of Bangladesh: An Analytical Overview

The Definition of Investment under Article 25 of the ICSID Convention: A Critical Legal Study on the Post Salini Development

Admissibility of Electronic Evidence in India, Pakistan and Bangladesh: A Comparative Study

Cyber Violence Against Women in Bangladesh: Laws and Realities

ইসলামী আইনে রোমান আইনের প্রভাব : একটি তুলনামূলক পর্যালোচনা

FACULTY OF LAW
UNIVERSITY OF RAJSHAHI

Rajshahi University Law Journal, 2022

Editorial Board

Editor in Chief
Professor Dr. Mohammad Abdul Hannan
Dean, Faculty of Law
University of Rajshahi

Assistant Editors
Professor Dr. Md. Abdur Rahim Mia
Department of Law, University of Rajshahi

Professor Dr. Md. Sahal Uddin
Department of Law, University of Rajshahi

Members

Professor M. Hasibul Alam Prodhan
Chairman, Department of Law
University of Rajshahi

M. Raisul Islam
Chairman, Department of Law and Land Administration
University of Rajshahi

Professor Dr. Begum Asma Siddiqua
Department of Law
University of Rajshahi

Professor Dr. M. Anisur Rahman
Department of Law
University of Rajshahi

Professor Dr. M. Ahsan Kabir
Department of Law
University of Rajshahi

Professor A.N.M. Wahid
Department of Law
University of Rajshahi

Professor Dr. Sayeeda Anju
Department of Law
University of Rajshahi

Professor. Dr. M. Morshedul Islam
Department of Law
University of Rajshahi

Professor. Dr. M. Abdul Alim
Department of Law
University of Rajshahi

Professor ATM Enamul Jahir
Department of Law
University of Rajshahi

Professor Dr. Zulfiqur Ahammed
Department of Law
University of Rajshahi

Professor Dr. Shahin Zohora
Department of Law
University of Rajshahi

Professor Dr. Md. Rafiqul Islam
Department of Law,
University of Rajshahi

[N.B. Editorial Board does not bear any responsibility for the views expressed by the authors in the article published in this Journal]

ISSN 1991-8976

Rajshahi University Law Journal

Faculty of Law
University of Rajshahi

Volume X, 2022

Published by
Dean
Faculty of Law
University of Rajshahi
Rajshahi-6205
Bangladesh
© Reserved by the Publisher

Printed at
Uttoran Offset Printing Press, Rajshahi
Mobile: 01712-101249

Subscription Rates
For Individuals: TK 250.00 USD 30 (without postage)
For Organization: TK 300.00 USD 50 (without postage)

[Published in June 2023]

Rajshahi University Law Journal (RULJ), 2022
Volume X

Contents

Author's Name	Article	Page
Dr. Md. Abdul Alim	Examine the Gap within Legal Protection of Animals Welfare in Bangladesh through the Lens of International Law	1-16
Dr. Md. Abdur Rahim Mia	Reforming the Prosecution Service in the Subordinate Courts of Bangladesh	17-39
Md. Abul Kalam Azad	Shaping the Modern Police in Indian Sub-Continent with Special Reference to Police Commission 1902-1903	40-55
Dr. Armin Khatun Khaledur Rahman	Dispensing Justice through Court Annexed ADR in Bangladesh : Family Court Experience	56-74
Dr. Begum Asma Siddiqua Dr. Sayeeda Anju	Daughter's Preferential Right of Inheritance: *Kalala* Revisited	75-88
Dr. Halima Khatun	Sexual Harassment Prevention Policy of Islamic University with Special Reference to Awareness Programs	89-106
Humayun Kabir	The Responsibility to Protect in Westphalian Sovereignty: A Post Colonial Approach	107-120
Dr. Maksuda Akter Dr. Md. Golam Rosul	Maintenance of Wife under Islamic *Shariah* and Statutory Laws of Bangladesh: An Analytical Overview	121-141
Mobarak Hossain	The Definition of Investment under Article 25 of the ICSID Convention: A Critical Legal Study on the Post Salini Development	142-161
Md. Mosharaf Hossain	Admissibility of Electronic Evidence in India, Pakistan and Bangladesh: A Comparative Study	162-183
Dr. Shahin Zohora	Cyber Violence Against Women in Bangladesh: Laws and Realities	184-205
ড. মোহাম্মদ নাছির উদ্দীন	ইসলামী আইনে রোমান আইনের প্রভাব : একটি তুলনামূলক পর্যালোচনা	206-219

Rajshahi University Law Journal

ISSN 1991-8976

Guidelines for Contributors

Rajshahi University Law Journal is an official journal of the Faculty of Law, University of Rajshahi that publishes research articles. Contributions to the Journal may be in English or in Bangla and must be previously unpublished articles containing original research that have not been submitted for publication elsewhere. All submissions are subject to peer review and to edition by the Editorial Board. Articles accepted for publication have to be proof-read by contributors who are entitled to 20 copies of off-prints as well as a bound copy of journal in which the article appears. The decision of the Editorial Board regarding publication is final and the copyright of published articles rests with the Faculty of Law, University of Rajshahi. Letter of Acceptance is given only after an article accepted finally.

Manuscripts submitted for publication must be in three copies, in neat and clear double-spaced typescript or electronic print-out on A4 size (8.5″×11″) white sheets with margins of 1″ on all sides and pages consecutively numbered. The manuscript should have a title-page with the title of the article and the author's name, designation and contact address. The title should also be placed on the first page of the text of the article. The author's name or anything that may identify the author should not appear anywhere in the text paper. Submissions should be addressed to the Editor, Rajshahi University Law Journal, Faculty of Law, University of Rajshahi, Rajshahi 6205.

An abstract in English must be provided within 200-300 words at the beginning of the article. Notes and references in the text should be placed at the end of the article under the caption 'Notes and References'. Notes should be numbered consecutively in the text in superscript (i.e., one half line above the text). The note index number should be placed after all punctuation in a sentence, i.e., it should be placed after a comma or semicolon or the concluding full stop of the sentence. For articles in the Humanities the following is the prescribed form of documentation notes on their first occurrence:

Books: Published Books Should be cited by the author's name in normal order (first name first), title and subtitle (if any) of the book underlined or in italics, place of publication, publisher's name, year of publication within brackets, page number(s) preceded by the abbreviation 'p' or 'pp'.

ইসলামী আইনে রোমান আইনের প্রভাব : একটি তুলনামূলক পর্যালোচনা

মোহাম্মদ নাছির উদ্দীন*

Abstract : *Islamic law is based on Devine origin. There are some views in western legal epistemological arena that Roman law is the mother of all laws and Islamic law has been originated from Roman law. The idea is widely accepted to the most orientalists despite some exceptions. Eventually the orientalists who are in doubt as to the source of Islamic law, most of them render the concept by imitating others who are knowingly establish the influence of Roman Law on Islam. During its prevailing period in the Middle East as well as some of people have concept that Islamic Law was at least partially influenced by the Roman Law. As a result, Islamic law has been affected through this concept. Some orientalists dismiss the above possibility as untrue and accept the uniqueness and originality of Islamic law. Now-a-days, this matter is dubious to the Western legal arena. The article discusses thoroughly and verifies the authenticity and accuracy in this regard..*

মূলশব্দ : ইসলামী আইন, আল-ফিক্হ, ইসলামী শরীয়াহ, রোমান আইন, প্রভাব, প্রাচ্যবিদ।

ভূমিকা

ইসলাম আরব দেশে আসে এবং অল্প সময়ের মধ্যে ইউরোপ পর্যন্ত মুসলিমরা বিজয় করে। যার মধ্যে অনেক দেশ রোমান সাম্রাজ্যের অধীনে ছিল ও রোমান আইন সেখানে চালু ছিল এবং বিজয়ের পর ঐ দেশগুলোতে মুসলিমরা রোমান আইনের স্থলে ইসলামী আইন প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছিল। ফলে রোমান আইনের সাথে মুসলিম আইনের সম্পর্কের বিষয়টি আলোচিত হয়।

বস্তুতঃ ইসলামী আইন তার নিজস্ব ঐশী উৎসের উপর নির্ভর করে প্রতিষ্ঠিত। তাই ইসলামী আইন অন্যান্য আইন থেকে ভিন্ন বৈশিষ্টের অধিকারী। যার অন্যতম হচ্ছে– ইসলামী আইন মৌলিক এবং স্বতন্ত্র; যে কারণে মুসলিম সমাজে এর বিশেষ মর্যাদা রয়েছে, ফলে মুসলিমরা এই আইনের গুরুত্ব অনুধাবন করে ও এর যথাযথ মান রক্ষার্থে নজিরবিহীন সেবা করে এবং অল্প সময়ের মধ্যে ইসলামী আইনশাস্ত্রের সব শাখায় বিরল উন্নতি সাধন করে, যা প্রাচ্যবিদদের[১] মনে সংশয় তৈরি করে।

---

* সহযোগী অধ্যাপক, আল-ফিক্হ এন্ড লিগ্যাল স্টাডিজ বিভাগ, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

১ প্রাচ্যবিদ ev Orientelist হচ্ছে : পাশ্চাত্যের যে ব্যক্তি প্রাচ্য/মধ্যপ্রাচ্য ও এর ভাষা, সাহিত্য, সংস্কৃতি, ধর্ম, শিষ্টাচার, সভ্যতা সম্পর্কে একাডেমিক বিষয়ে পড়ান অথবা লিখেন কিংবা এ বিষয়ক পশ্চিমা বিশেষ ধারায় গবেষণা করেন। এককথায় যে পশ্চিমা দৃষ্টিকোণ থেকে প্রাচ্যের/মধ্যপ্রাচ্যের সভ্যতা, সংস্কৃতির অধ্যয়ন করে।
ওরিয়েন্টালিজম Orientelism বা প্রাচ্যবাদ/প্রাচ্যতত্ত্ব : পাশ্চাত্যের গবেষকদের প্রাচ্যকে জানার ও তাদের ইতিহাস, সভ্যতা সম্পর্কিত বিভিন্ন বিষয় আবিষ্কার করার এবং এই বিষয়ক জ্ঞানচর্চা করার একটি বিশেষ বুদ্ধিবৃত্তিক ধারা। বিশেষ করে মধ্যপ্রাচ্যের ইসলামী বিশ্বের ভাষা, সাহিত্য, ধর্ম, সংস্কৃতি সম্পর্কে বিশেষ একটা গবেষণা পদ্ধতি কিংবা ধারা অনুসৃত, যার মাধ্যমে এগুলোর যে ছবি আসে তা বাস্তব মধ্যপ্রাচ্য থেকে অনেকটাই ভিন্ন। তথাপি, এই বৌদ্ধিক ধারা মধ্যপ্রাচ্যের সেই

মুসলিম আইনজ্ঞদের দক্ষতা, পরিপক্কতা, গবেষণা দেখে অধিকাংশ প্রাচ্যবিদদের বিশ্বাস করতে কষ্ট হয়, এত বড় বিস্তৃত অট্টালিকা একা মুসলিমদের পক্ষে করা সম্ভব হয়েছে কী করে!? তাই তারা ইসলামী আইনের মৌলিকতা ও স্বাতন্ত্র নিয়ে সন্দেহ পোষণ করে এবং দাবী করে যে, ইসলামী আইন রোমান আইন থেকে নেয়া হয়েছে এবং ইসলামী ফিক্‌হশাস্ত্র বা "ইসলামী আইন জাস্টিনিয়ান আইনের আরবী সংস্করণ বৈ আর কিছুই নয়"[২] আবার তাঁদের কেউ কেউ দাবী করেন, ইসলামী আইন যদি রোমান আইন থেকে সংগৃহীত নাও হয়, অন্তত রোমান আইন দ্বারা প্রভাবিত, এই মতবাদের পক্ষে যারা বেশি সোচ্চার ছিলেন, তাদের মধ্যে আলফ্রেড ভন ক্রেমার (Alfred Von Kremer) [১৮২৮-১৮৮৯ খ্রি.], শেল্ডন আমোস (Scheldon Amos) [১৮৩৫-১৮৮৬ খ্রি.] এবং গোল্ডজিহার (Goldziher) [১৮৫০- ১৯২১ খ্রি.] অন্যতম।[৩]

এই দাবির পক্ষে যুক্তি প্রমাণ কী? সেই প্রমাণগুলো কি আসলে জ্ঞানের যথাযথ মাপকাঠির ভিত্তিতে উত্থাপিত ও গবেষণা রীতির কষ্টিপাথরে পরীক্ষিত? নাকি নিছক ইচ্ছাকৃত কোনো আন্দাজ-অনুমান ও সংশয়; যা রাজনৈতিক বা ধর্মীয় উদ্দেশ্য প্রণোদিত এবং দলীল-প্রমাণের মুখাপেক্ষী? নিম্নে তাদের প্রমাণাদি উল্লেখপূর্বক সেগুলোর সত্যতা ও যথাযর্থতা এবং বাস্তবতা সম্পর্কে আলোচনা করছি।

প্রাচ্যবিদদের যুক্তি-প্রমাণ

ইসলামী আইন রোমান আইন দ্বারা প্রভাবিত হওয়ার মতবাদীরা বিশ্বাস করে যে, এ প্রভাব প্রত্যক্ষ এবং পরোক্ষ দু' ভাবে লক্ষ্যণীয়

ক) প্রত্যক্ষ প্রভাব

১. হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রোমান আইন সম্পর্কে অবগত ছিলেন, এই সূত্রে রোমান আইন ইসলামী আইনে প্রবেশ করে।

খণ্ডিত, বিকৃত হুইবন গ্রহনযোগ্য বলে মনে করে; কারণ তা প্রাচ্য সম্পর্কে পাশ্চাত্যের পূর্ব ধারণাগুলোকেই প্রতিষ্ঠায় অবদান রাখে, পশ্চিমা মাপকাঠিতে। প্রাচ্যবাদ হচ্ছে মূলত একটা বুদ্ধিবৃত্তিক মতবাদ। যার নিজস্ব কাঠামো ও পদ্ধতি আছে। আছে দর্শন ও স্কুল। গবেষণা ও গ্রন্থ। ভিশন ও মিশন। পৃষ্ঠপোষক ও অনুসারী। ইনস্টিটিউট এবং কনফারেন্স। (দেখুন : এডওয়ার্ড সাঈদ, ***অরিয়েন্টালিজম (প্রাচ্যবাদ),*** পেঙ্গুইন পাবলিকেশন্স ১৯৯৫, আরবী অনুবাদ: ড. মুহাম্মদ 'আনানী (কায়রো : রুইয়্যাহ পাবলিকেশন্স, ২০০৬ খ্রি.) পৃ. ৪৪; ইসমাইলোভিত্স, ড. আহমদ, ***ফালসাফাতুল ইসতিশরাক (প্রাচ্যতত্ত্ব দর্শন)*** (কায়রো : দারুল ফিকরিল আরাবী, ১৯৯৮ খ্রি.) পৃ. ২১; আল-জুহানী মানে' ইবন হাম্মাদ, ***আল-মাউসুয়াতুল মুইয়াস্‌সারাহ ফিল আদয়ান ওয়াল মাযাহিবি ওয়াল আহযাব (ধর্ম, মাযহাব ও দলসমূহের সহজ পিডিয়া),*** (রিয়াদ : WAMY, ১৪১৮ হি.) খ. ২, পৃ. ২৮৭; https://en.wikipedia.org/wiki/Orientalism.)

২ ড. সুফী হাসান আবু তালিব, ***বাইনাশ শারীয়াহ আল-ইসলামীয়াহ ওয়াল কানুন আররুমানী (ইসলামী শরীয়াহ ও রোমান আইনের তুলনা),*** (কায়রো : দারুন নাহদাহ আল-মিসরিয়্যাহ, তা.বি.) পৃ. ৬; 'ইওয়াদ, ড. ইব্রাহীম, ***দায়িরাতুল মা'আরিফ আল-ইসলামিয়্যাহ আল-ইস্তিশরাকিয়্যাহ : আযালীলুন ওয়া আবাতীল (প্রাচ্যবাদের ইসলামিক পিডিয়া : কিছু বিভ্রম এবং মিথ্যা),*** (কায়রো : মাকতাবাতুল বালাদিল আমীন, ১ম প্রকাশ, ১৯৯৮ খ্রি.) পৃ. ১০৩।

৩ ড. সুফী হাসান, প্রাগুক্ত, পৃ. ৬; ড. আব্দুল করীম যীদান, ***আল-মাদখাল লি দিরাসাতিল ফিক্‌হ আল-ইসলামী (ইসলামী ফিক্‌হ অধ্যয়নের ভূমিকা)***, (আলেকজান্দ্রিয়া : মিশর, ১৯৬৯ খ্রি.) পৃ.৭৩-৭৪।

২. আলেকজান্দ্রিয়া, বৈরূত ও রোম শহরে রোমান আইনের স্কুল ছিল। এই স্কুলগুলোতে রোমান আইন পড়ানো হত এবং এই স্কুলগুলো মুসলিমরা এই অঞ্চল বিজয় করার পরও বিদ্যমান ছিল। ফলে, মুসলিম আইনজ্ঞরা এই স্কুলগুলোর আইন সম্পর্কে অবগত হয় এবং তা তাদের ইসলামী আইনে স্থানান্তর করে।

৩. মুসলিমদের জয় করা কিছু অঞ্চল যেখানে পূর্বে বাইজেন্টাইন আইন প্রচলিত ছিল, সেখানে ইসলামী শাসন প্রতিষ্ঠা করার পর সেই প্রচলিত আইনগুলো তাদের ইসলামী আইনশাস্ত্রে লিপিবদ্ধ করে।

৪. ইসলামী আইনের কিছু বিধান রোমান আইনের বিধানের সাথে সাদৃশ্যপূর্ণ যার মাধ্যমে প্রমাণিত হয় যে, ইসলামী আইন রোমান আইন থেকে নেয়া; কেননা, সবসময় পরবর্তীরা পূর্ববর্তীদের থেকে আহরণ করে থাকে।[৪]

এই প্রত্যক্ষ প্রভাবের সত্যতা ও যথার্থতা যাচাই

প্রথমত : তাদের প্রথম প্রমাণ রাসূল মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রোমান আইন জানতেন, এটি সম্পূর্ণ ভিত্তিহীন, কাল্পনিক; কেননা এ কথা সবার জানা যে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরবের মক্কায় আরবী ঘরে জন্ম গ্রহণ করেন। মক্কায় রোমান সভ্যতার বা আইনের কোনো ধরনের প্রভাব ছিল না এবং সেখানে এই আইন সম্পর্কে কেউ জ্ঞাতও ছিল না। তাছাড়া তিনি মক্কা ও আরবদ্বীপের বাইরে শুধুমাত্র দুইবার সফরে যান।

প্রথমবার ১২ (বারো) বছর বয়সে চাচা আবু তালেবের সাথে ব্যবসায়িক উদ্দেশ্যে তৎকালিন শাম হয়ে বুছরা[৫] যান। দ্বিতীয়বার পঁচিশ বছর বয়সে খাদিজা রাদিয়াল্লাহু আনহার ব্যবসার জন্য সিরিয়া গমন করেন। এ দু সফরেই অল্প কিছু দিন থাকার পর মক্কা ফিরে আসেন এবং সেখানে যাদের সাথে যোগাযোগ হয়েছে ও যারা তার সঙ্গী ছিল সবাই আরব এবং আরবী ভাষা ছাড়া তাদের আর অন্য কোনো ভাষা জানা ছিল না। সুতরাং তাঁর বা তাদের রোমান আইন সম্পর্কে অবগত হওয়ার কোনো মাধ্যম ছিল না।[৬]

তাছাড়া এমন কোনো কারণ বা যৌক্তিকতাও ছিল না; যা রোমান শাসকদেরকে উদ্বুদ্ধ করবে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে রোমান আইন শেখানোর; কারণ মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখনও নবুয়্যাত পাননি। আবার সেখানে অবস্থানের সময় মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পক্ষে রোমান আইন সম্পর্কে পড়া-লেখা করারও কল্পনা করা যায় না; কেননা তিনি পড়া-লেখা জানতেন না।

আল্লাহ্ এরশাদ করেন, "আপনি তো এর পূর্বে কোনো কিতাব পাঠ করেন নি এবং কোন কিছু লিখেন নি। এরূপ হলে মিথ্যাবাদীরা অবশ্যই সন্দেহ পোষণ করত"।[৭]

---

৪ ড. আব্দুল করীম যীদান, প্রাগুক্ত, পৃ. ৭৪-৭৫।

৫ বুছরা বা বুছরা আল-শাম : দক্ষিণ সিরিয়ায় অবস্থিত একটি ঐতিহাসিক বানিজ্যিক ও ধর্মীয় শহর যা রাজধানী দামেশ্‌ক থেকে ১৪০ কিমি. দুরুত্বে অবস্থিত। দেখুন : https://en.wikipedia.org/wiki/Bosra.

৬ ইবন কাসীর, ***আস-সিরাহ আন-নাববীয়্যাহ (নবীর সিরাত)***, (বৈরূত : দারুল মা'রিফাহ, ১৯৭১ খ্রি.) খ. ১, পৃ. ২৪৩।

৭ আল-কুরআন, সূরা : আল-আনকাবুত : ৪৮ (وَمَا كُنتَ تَتْلُوا۟ مِن قَبْلِهِۦ مِن كِتَٰبٍ وَلَا تَخُطُّهُۥ بِيَمِينِكَ ۖ إِذًا لَّٱرْتَابَ ٱلْمُبْطِلُونَ)

দ্বিতীয়ত : রোমান আইনের স্কুলগুলোর মাধ্যমে প্রভাবিত হওয়ার যে প্রমাণ তারা উল্লেখ করেছে, তাও ঐতিহাসিক সত্যের সম্পূর্ণ পরিপন্থী; কেননা ঐতিহাসিকভাবে এ কথা প্রমাণিত সত্য যে, মুসলিমগণ কর্তৃক বৈরূত বিজয়ের (৬৩৫ খ্রি.) ১০০ বছর আগে ৫৫১ খ্রিস্টাব্দে বৈরূতে যে ভূমিকম্প হয় সেই ভূমিকম্পে রোমান আইনের স্কুলটি সম্পূর্ণরূপে ধ্বংস হয়ে যায়, ফলে উক্ত স্কুলের সব ধরনের প্রোগ্রাম বন্ধ হয়ে যায়। সুতরাং, যে স্কুল ও এর প্রোগ্রাম মুসলিমরা আসার ১০০ বছর পূর্বে শেষ হয়ে গেছে সেই স্কুলের মাধ্যমে ইসলামী আইন প্রভাবিত হওয়াটা সম্ভব নয়।[৮]

আলেকজান্দ্রিয়ার রোমান স্কুলের অবস্থা বৈরূতের স্কুলের চেয়ে বেশি ভাল ছিল না। রোমান সম্রাট জাস্টিনিয়ান (Justinian) [৪৮২- ৫৬৫ খ্রি.] ৫৩৩ খ্রিস্টাব্দে সংবিধান করে এই স্কুল সম্পূর্ণরূপে বন্ধ করে দেন এবং সেখানকার আইনের যাবতীয় বই-পুস্তক পুড়ে দেন। তাছাড়া ইতিহাস এ কথার সাক্ষ্য দেয় যে, মুসলিমরা আলেকজান্দ্রিয়ায় প্রবেশ করে ৬৪১ খ্রিস্টাব্দে, অর্থাৎ উক্ত স্কুল বন্ধ করে দেওয়ার ১০০ বছরের চেয়েও পরে, তাহলে মুসলিম আইনবিদরা কীভাবে সে স্কুল দ্বারা উপকৃত হয়ে তাদের বইগুলোতে নকল করবে?

তেমনিভাবে রোম ও কনেস্ট্যান্টিনোপলের স্কুলের মাধ্যমেও মুসলিম ফকিহ্‌রা উপকৃত হওয়া অযৌক্তিক; কারণ মুসলিমরা রোম বিজয় করতে পারেনি, আর কনেস্টান্টিনোপল জয় করে ১৪৫৩ খ্রিস্টাব্দে অর্থাৎ ইসলামী আইনশাস্ত্র প্রতিষ্ঠিত হয়ে উন্নতির শিখরে পৌছার পর।[৯]

এ ঐতিহাসিক সত্যের প্রসঙ্গে স্বয়ং প্রাচ্যবিদ পল কলিনে[১০] বলেন, সম্রাট জাস্টিনিয়ান সারা রোমান সাম্রাজ্যে তিনটি স্কুল ছাড়া অন্যকোন স্কুল বিদ্যমান রাখেননি। দুটি স্কুল দুটি বড় শহর রোম ও কনেস্ট্যান্টিনোপলে, আর তৃতীয়টি বৈরূতে অবস্থিত ছিল। মিসরের আলেকজান্দ্রিয়া ও ফিলিস্তিনের কায়সারিয়ার স্কুল দুটি সহ অন্যান্য স্কুল গুলো বন্ধ করে দিয়েছিলেন।[১১]

কোনো কোনো প্রাচ্যবিদ যেমন আলফ্রেড ভন ক্রেমার[১২] (১৮২৮-১৮৮৯) চেষ্টা করেছে যে, ইমাম আল-আউযা'য়ী[১৩]—যিনি বৈরুতের অধিবাসী ছিলেন-তাঁর মাধ্যমে ইসলামী আইনশাস্ত্র প্রভাবিত হয়; কারণ তিনি রোমান আইনের অবশিষ্ট মতবাদ ও প্রভাব দ্বারা উপকৃত হয়ে তা ইসলামী আইনশাস্ত্রে ঢুকিয়ে দেন।[১৪]

---

৮ ড. সূফী হাসান, প্রাগুক্ত, পৃ. ৫০।

৯ আবু জাহরা, ***বাইনাল ফিক্‌হ আল-ইসলামী ওয়া আল-কানুন আর-রোমানী (ইসলামী ফিক্‌হ ও রোমান আইনের তুলনা)***, (কায়রো : দারুল ফিকর আল-আরবী, তা. বি.) পৃ. ১০।

১০ পল কলিনে (Paul Collinet) জন্ম ১৮৬৯, মৃত্যু ১৯৩৮ সালে। ফরাসী ঐতিহাসিক, প্রাচ্যবিদ ও প্রসিদ্ধ গ্রন্থ 'Histoire de l'école de droit de Beyrouth' (বৈরূত আইন স্কুলের ইতিহাস) -এর লেখক। (দেখুন : https://www.wikidata.org/wiki/Q54087312; https://searchworks.stanford.edu/view/1751011 Visited on 12-02-2023)।

১১ ড. মুহাম্মদ হামিদুল্লাহ সম্পাদিত, ***হাল লিল-কানুন আর রোমানী আছারুন আলাল ফিক্‌হ আল- ইসলামী (ইসলামী আইনে কি রোমান আইনের প্রভাব আছে),*** (কায়রো : দারুল বুহুস আল-ইলমিয়্যাহ, ১৯৭৩ খ্রি.) পৃ. ৯৭।

১২ আলফ্রেড ভন ক্রেমার (Alfred von Kremer) জন্ম ১৮২৮ মৃত্যু ১৮৮৯ অস্ট্রিয়ার একজন প্রাচ্যবিদ বৈরূত এবং মিশরে কূটনৈতিক হিসেবে কাজ করেছেন, ইসলাম এবং ইসলামী সংস্কৃতি নিয়ে আরবী ভাষায় ২০ টির মত গ্রন্থ রচনা করেছেন।

(দেখুন : https://en.wikipedia.org/wiki/Alfred_von_Kremer; Visited on 12-02-2023)।

১৩ আব্দুর রহমান ইবন আমর আল আউযায়ী, শামের প্রসিদ্ধ ইমাম, ফকীহ, তার নিজস্ব মাযহাব ছিল এবং পুরো শাম ও আনদালুসে তাঁর মাযহাব প্রচলিত ছিল, পরে এ মাযহাবটি অস্তিত্বহীন হয়ে পড়ে। তিনি ৮৮ হিজরী- ৭০৭ খ্রিস্টাব্দে বৈরুতে

কিন্তু তাদের এই দাবীও সম্পূর্ণ অযৌক্তিক ও আন্দাজ-অনুমান নির্ভর; কেননা, আমরা একটু আগে জেনেছি, বৈরূতের রোমান আইনের স্কুল এবং এর প্রভাব দুটোই শেষ হয়ে যায় ইমাম আউযা'য়ীর জন্মের (৭০৭ খ্রি.) প্রায় ১৫০ বছর আগে ৫৫১ খ্রিস্টাব্দে। তাছাড়া তাঁর যুগে বৈরূত তথা পুরো শাম জুড়ে রোমান আইন সম্পর্কে কোনো আরবী বই অথবা অন্য কোনো মাধ্যম বা উৎস ছিল না; অধিকন্তু, তিনি আরবী ছাড়া অন্য কোনো ভাষা জানতেন না।[১৫]

তেমনিভাবে কোনো কোনো প্রাচ্যবিদ মনে করেন, ইমাম শাফি'ঈ[১৬] বছর কয়েক বৈরূতে অবস্থান করেছেন এবং সেখানে রোমান আইন সম্পর্কে অবগত হওয়ার পর তা দ্বারা প্রভাবিত হয়ে তিনি বইগুলো লিখেন, বিশেষ করে তাদের মতে- "উসূলে ফিক্হ" শাস্ত্রে এই প্রভাব বেশি প্রতীয়মান।[১৭]

এই দাবী পূর্বের দাবীর চেয়েও দুর্বল এবং ভিত্তিহীন। কারণ, ইমাম শাফি'ঈর ইতিহাসে বৈরূত সফর অথবা সেখানে অবস্থান করার কোনো হদিস নেই। তিনি গাজায় ১৫০ হি./৭৬৭ খ্রিস্টাব্দে জন্ম গ্রহণ করেন, কিন্তু তার মাতা তাকে ছোট অবস্থাতেই বহন করে মক্কায় নিয়ে আসেন, তারপর তিনি মক্কায় বড় হন। সেখানেই জ্ঞান অর্জন করেন। হিজাযে জ্ঞান অর্জন করার পর ইয়েমেন যান, এরপর ইরাকে গমন করেন এবং সেখানে তার প্রথম মাযহাব তথা ফিক্হ প্রকাশ পায়, অতঃপর মিশর হিজরত করেন এবং সেখানেই তার মাযহাবের উন্নয়ন ঘটে। ফলে তার নতুন মাযহাবের প্রচার হয় এবং ২০৪ হিজরী/ ৮২০ খ্রিস্টাব্দে মিশরে মৃত্যুবরণ করেন।[১৮]

তাছাড়া আমরা একটু আগে দেখতে পেয়েছি, সম্রাট জাস্টিনিয়ান ৫৩৩ খ্রিস্টাব্দে সংবিধান করে এই স্কুল সম্পূর্ণরূপে বন্ধ করে দেন এবং ৫৫১ খ্রিস্টাব্দে বৈরূতের ভূমিকম্পে রোমান আইনের স্কুল ও তার প্রভাব দুটোই সম্পূর্ণরূপে শেষ হয়ে যায়, ইমাম শাফি'ঈর জন্মের কয়েক'শ বছর আগে।

তৃতীয়ত : বাইজেন্টাইন সাম্রাজ্য থেকে মুসলিমদের জয় করা কিছু অঞ্চল যেখানে পূর্বে বাইজেন্টাইন আইন প্রচলিত ছিল সেখানে ইসলামী শাসন প্রতিষ্ঠা করার পর সেই বাইজেন্টাইন আইনই প্রচলিত থাকার ও এর মাধ্যমে ইসলামী আইন প্রভাবিত হওয়ার যে প্রমাণ তারা দেখছে– তা নিছক তাদের ধারণা, তথ্য কিংবা মৌলিক কোনো গবেষণা নির্ভর কথা এটি নয়। ঐতিহাসিক প্রমানিত সত্য ঘটনা প্রবাহ, এই দাবীকে অবাস্তব

জন্ম গ্রহণ করেন এবং ১৫৮ হিজরী- ৭৭৪ খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন। (তার জীবনী দেখুন : আস-সিরাজী, আবু ইসহাক, ***তাবাকাতুল ফুকাহা (ইসলামী আইনজ্ঞদের স্তর)***, (বৈরূত : দারুল কলম, তা. বি.) পৃ.৭১।

১৪ ড. মুহাম্মদ আদ-দুসুকী, ***আল-ইসতিশরাকু ওয়াল ফিক্হুল ইসলামী (প্রাচ্যতত্ত্ব ও ইসলামী ফিক্হ)*** (কাতার বিশ্ববিদ্যালয়: শরীয়াহ ও ইসলামিক স্টাডিজ জার্নাল, ১৯৮৭ খ্রি, সংখ্যা: ৫,) পৃ. ৭১০।

১৫ ড সূফী হাসান, প্রাগুক্ত, পৃ. ৫২।

১৬ মুহাম্মদ ইবন ইদরীস আশ-শাফি'ঈ, প্রসিদ্ধ চার ইমামের একজন, ক্ষণজন্মা প্রথিতযশা, স্বীয় মাজহাবের অধিকারী, ১৫০ হিজরীতে গাজায় জন্ম গ্রহণ করেন এবং ২০৪ হিজরীতে মিশরে মৃত্যুবরণ করেন। (তার জীবনী দেখুন: আবু জাহরা, ***আশ-শাফিয়ী (ইমাম শাফিয়ীর জীবনী)***, (কায়রো: দারুল ফিকর আল-আরবী, ১৯৯৫ খ্রি.)।

১৭ ড. সূফী হাসান, প্রাগুক্ত, পৃ. ৫২; ড. সা'দূন আস-সামুক, ***অরিয়েন্টেলিজম ইন ইসলমিক স্টাডিজ (ইসলাম শিক্ষায় প্রাচ্যবাদ)***, (আম্মান : দার আল-মানাহিজ ২০০৮ খ্রি.) পৃ. ৭০।

১৮ আবু জাহরা, প্রাগুক্ত, পৃ. ২৫।

বলে ঘোষণা দেয়; কেননা মুসলমানরা বাইজেন্টাইন বিজয় করে ১৪৫৩ সালে। তাছাড়া ইসলামের আগমনের পূর্বেই রোমান আইন উক্ত অঞ্চল থেকে উঠে যায়, কয়েকটি কারণে;

ক) রোমান আইনের স্কুলগুলো ৫৩৩ খ্রিস্টাব্দে অর্থাৎ ইসলাম আসার আগেই বন্ধ করে দেয়া ও এর বই-পুস্তক ধ্বংস করে দেওয়া

খ) স্থানীয় প্রথা-অভ্যাসগুলো রোমান আইনের স্থলাভিষিক্ত হওয়া

গ) রোমান আইনের ভাষা ছিল ল্যাটিন, যার প্রচলন ও জানা লোক ঐ অঞ্চলে না থাকা

ঘ) রোমান আইনে পাদ্রী প্রবণতা ছিল এবং তারা খ্রিষ্টান ধর্মের অনুসারী হওয়ায় মুসলিমরা মনে করতো এগুলো কাফির-মুশরিকদের আইন।[১৯]

চতুর্থত : প্রাচ্যবিদদের প্রত্যক্ষ যুক্তি-প্রমাণের যখন এই নাজুক অবস্থা, তখন প্রভাবের অন্য পন্থা খুঁজতে গিয়ে ইসলামী আইনের কিছু পরিভাষা রোমান আইনের সাথে সাদৃশ্যপূর্ণ দেখে তাদের অনেকে দাবী করে যে;

- 'ফিক্‌হ' পরিভাষাটি ল্যাটিন শব্দ 'Prudentia' বা 'Jurisprudentia' এর হুবহু অনুবাদ।
- ইসলামী ফিকহের 'রাই' শব্দটি ল্যাটিন পরিভাষা 'Opinion' এর অনুবাদ।
- 'ইজমা' পরিভাষাটির ভাবার্থও রোমান আইনের পরিভাষা 'Consensus' থেকে নেয়া।[২০]

উপরের দাবীগুলো সম্পূর্ণ অশুদ্ধ এবং এক ধরণের প্রমাণহীন আন্দাজ, যার কোনো ভিত্তি নেই। কারণ, 'ফিক্‌হ' শব্দ ও এর ব্যবহার আরবদের মধ্যে ইসলামের পূর্বেও প্রচলিত ছিল। এ ছাড়াও 'ফিক্‌হ' শব্দটির ভাবার্থ ল্যাটিন পরিভাষা 'Prudentia' বা 'Zurisprudentia' থেকে সম্পূর্ণ ভিন্ন; কেননা 'Prudentia' বা 'Zurisprudentia' অর্থ অধিকার। পক্ষান্তরে 'ফিক্‌হ' অর্থ জ্ঞান, সুক্ষ্ম জ্ঞান বা সুক্ষ্মবুঝ, সুক্ষ্মভাবে উপলব্ধি করা। অর্থাৎ "জীবনের জন্য যা কিছু লাভজনক এবং ক্ষতিকারক সবকিছুর জ্ঞান"[২১] অথবা শরী'আতের বিস্তারিত প্রমাণাদি থেকে শরী'আতের শাখা-প্রশাখা সম্পর্কিত ব্যবহারিক বিধি-বিধান সম্বন্ধে জ্ঞাত হওয়া।[২২]

ইসলামী আইনের পরিভাষায় 'রাই' শব্দটি ইজতিহাদ ও গবেষণার নিয়ম-নীতির সাথে সংশ্লিষ্ট। এর শাব্দিক অর্থ : মত বা সুচিন্তিত মত। ইসলামী ফিকহের পরিভাষায় 'রাই' বলতে বুঝানো হয়– একজন ফকীহ যখন কুরআন এবং সুন্নাহ ও ইজমা'তে কোনো বিষয়ে সমাধান না পান, কেবলমাত্র তখন কোনো বিষয়ে বিশুদ্ধ বিধান দেয়ার জন্য গবেষণা করে সুচিন্তিত মতামত ব্যক্ত করা, সেটা কিয়াসের মাধ্যমে হোক বা ইজতিহাদের

---

১৯ ড. মুহাম্মদ আদদুসুকী, *মুকাদ্দিমাতুন ফি দিরাসাতিল ফিক্‌হ আল-ইসলামী (ইসলামী আইন অধ্যয়নের একটি ভূমিকা)*, (কাতার: দারুস সাকাফাহ, ১৯৯৯ খ্রি.) পৃ. ১৩৯-১৪০।

২০ ড. মুহাম্মদ হামিদুল্লাহ, প্রাগুক্ত, পৃ. ১৪৭।

২১ ইবন নুজাইম, *আল-বাহরুর রায়িক (হানাফী মাজহাবের প্রসিদ্ধ গ্রন্থ 'কানজুদ দাকায়িক'-এর ব্যাখ্যাগ্রন্থ)* (বৈরূত : দারুল কিতাবিল ইসলামী, তা.বি) খ. ১, পৃ. ৬।

২২ ড. ওয়াহাবা আয-যুহাইলী, *আল-ফিকহুল ইসলামী ওয়া আদিল্লাতুহু (ইসলামী আইন ও এর দলিলসমূহ)* (দামিশ্‌ক : দারুল ফিকর, ২০০৫ খ্রি.), খ. ১, পৃ. ৩০।

অন্য কোন নিয়ম-নীতির আলোকে হোক[২৩], 'রাই' এর মাধ্যমে একজন ফকীহ একটা বিধান প্রতিষ্ঠা করতে পারেন না বরং ঐশী বিধানকে স্পষ্ট করে মাত্র। পক্ষান্তরে রোমান আইনের 'রাই' পরিভাষাটি রোমান আইনজ্ঞদের মতামতকেই বুঝায়, যা ৫৩৩ খ্রিষ্টাব্দের জাস্টিনিয়ানের সংশোধনীর পূর্ব পর্যন্ত রোমান আইনের উৎসগুলোর মধ্যে পরিগণিত হত।[২৪]

তেমনিভাবে 'ইজমা' পরিভাষাটি রোমান আইনে শুধুমাত্র রোমান সম্রাটের উপদেষ্টাদের ঐকমত্যকে বুঝায়। পক্ষান্তরে ইসলামী আইনে 'ইজমা' পরিভাষাটি কোনো গ্রুপ বা নির্দিষ্ট কোনো যুগের জন্য নির্ধারিত নয়। বরং মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ইন্তিকালের পর যেকোনো এক যুগে কোনো এক বিষয়ের শরঈ' বিধান সম্বন্ধে ঐ যুগের সমস্ত ফকীহদের ঐকমত্যকে 'ইজমা' বলা হয়[২৫]। এটি কুরআন এবং সুন্নাহর পর ইসলামী আইনের তৃতীয় উৎস। এর অন্যতম উদ্দেশ্য হচ্ছে– প্রতিযুগে ফকীহগণের মাঝে ঐকমত্য সৃষ্টি করা, পক্ষান্তরে রোমান আইনে 'Consensus' বা ঐকমত্যের উদ্দেশ্য : রোমান সম্রাট ও তার উপদেষ্টাদের ক্ষমতা কুক্ষিগত করা ও অন্যদের অভিমতকে ক্ষমতাহীন এবং মর্যাদাহীন করা। সুতরাং 'ইজমা' রোমান আইনে এক জিনিস আর ইসলামী আইনে তা ভিন্ন আরেক জিনিস। এ দু'টির মধ্যে শাব্দিক মিল থাকলেও ভাবে ও উদ্দেশ্যের দিক দিয়ে বিস্তর পার্থক্য বিদ্যমান।[২৬]

এই ছিল প্রাচ্যবিদদের উত্থাপিত প্রত্যক্ষ প্রমাণাদি, যার মাধ্যমে তারা ধারণা করে রোমান আইন ইসলামী আইনে প্রবেশ লাভ করে। এবার দেখা যাক তাদের পরোক্ষ প্রভাবের যুক্তি-প্রমান।

খ) পরোক্ষ প্রভাব;

১. জাহেলী বা বর্বরতার যুগের প্রথা ও অভ্যাসসমূহের মাধ্যমে

২. খ্রিস্টীয় সভ্যতার মাধ্যমে

৩. গ্রীক সভ্যতার মাধ্যমে।

১. জাহেলী বা বর্বরতার যুগের প্রথা ও অভ্যাসসমূহের মাধ্যমে

প্রাচ্যবিদরা দাবি করে, আরব দ্বীপে ইসলাম আসার পূর্বে যে জাহেলী প্রথা ও অভ্যাস প্রচলিত ছিল তা রোমান আইনের অনরূপ ছিল, যা আরবরা ব্যবসায়িক ও রাজনৈতিক সম্পর্কের মাধ্যমে রোমানদের কাছ থেকে অর্জন করে। ইসলাম আসার পর উক্ত আভ্যাস-প্রথার সবগুলোকে ইসলাম ধ্বংস করে নি। বরং কিছু কিছু প্রথার স্বীকৃতি ইসলাম দিয়েছে। আর এভাবেই রোমান আইন ইসলামী আইনে প্রবেশ করে।[২৭]

---

২৩ মুহাম্মদ আলী আস-সায়েস, ***তারিখুল ফিকহিল ইসলামী (ইসলামী আইনের ইতিহাস),*** (বৈরূত : দারুল ফিকর, ২০০৪ খ্রি.) পৃ.৮৪, ৯৭।

২৪ ড. মুহাম্মদ আদদুসুকী, প্রাগুক্ত, পৃ. ২৪৪।

২৫ আল-যুদাই', আব্দুল্লাহ ইউসুফ, ***তাইসিরু ইলমি উসূলিল ফিক্‌হ (সহজ ইসলামী আইনের উৎসবিদ্যা)***, (বৈরূত : মুয়াস্সাতুর রাইয়্যান ২০০৪ খ্রি.) পৃ. ১৪৯।

২৬ ড. মুহাম্মদ আদদুসুকী, প্রাগুক্ত, পৃ. ২৪৪।

২৭ ড. আব্দুল করীম যীদান, প্রাগুক্ত, পৃ. ৮১।

কিন্তু এই দাবী ঐতিহাসিক সত্যের বিপরীত; কেননা আরব সমাজের ভৌগোলিক অবস্থান, নিরক্ষরতা ও তাদের গোত্রীয় জীবন যাপনের অভ্যাসের কারণে মূলত: তারা বিশ্বের অন্যান্য অঞ্চল থেকে একরকম বিচ্ছিন্ন ছিল। ফলে রোমান অথবা পারস্য সম্রাজ্যের সাথে অর্থনৈতিক, রাজনৈতিক, সাংস্কৃতিকভাবে তাদের সম্পৃক্তি কোনোভাবেই সম্ভব ছিল না। সুতরাং এই সম্রাজ্যগুলোর মাধ্যমে প্রভাবিত হওয়ার প্রশ্নই আসে না। অধিকন্তু, আরবদের জাহেলী যুগে এমন কোনো সুনির্দিষ্ট শাসন বা বিচার ব্যবস্থা ছিল না, যার জন্য অন্যদের বিচার ও শাসন ব্যবস্থা থেকে উপকৃত হতে হবে।[২৮]

উত্তর আরবদ্বীপে বাইজেন্টাইন শাসন ছিল কেবল নামমাত্র, কারণ রোমান ইতিহাসবিদরাও স্বীকার করে যে, এ অঞ্চলে রোমান আইন বাস্তবায়ন করা হয় নি। তাছাড়া রোমান সরকার আরব বণিকদের লেনদেনের জন্য কিছু বাজার নির্দিষ্ট করে দেয়, যার বাইরে তারা যেতে পারত না। যেমন, আকাবা, গাযা ও বুসরা; যার কারণে রোমান সাম্রাজ্যের জাতিগুলোর সাথে তাদের যোগাযোগ খুবই নগণ্য ছিল। তাই রোমান আইন দ্বারা প্রভাবিত হওয়ার সুযোগ তাদের ছিল না। সুতরাং জাহেলী আরবদের অভ্যাস ও প্রথার মাধ্যমে ইসলামী আইন প্রভাবিত হওয়ার দাবী সত্য নয়।[২৯]

২. খ্রিষ্টীয় সভ্যতার মাধ্যমে

প্রাচ্যবিদরা মনে করে ইসলামী আইনে পরোক্ষভাবে প্রভাব ফেলার আরেকটি অন্যতম মাধ্যম হচ্ছে খ্রিষ্টান সংস্কৃতি। তাদের যুক্তি হল: খ্রিষ্টান ধর্মের সব সম্প্রদায় তাদের আইন সংকলনে রোমান আইন ভাণ্ডার দ্বারা উপকৃত হয়। আর এই সংকলন দ্বারা প্রভাবিত হয় ইসলামী আইন। সুতরাং এই সূত্রে রোমান আইন ইসলামী আইনে প্রভাব ফেলেছে।[৩০]

উপরিল্লেখিত দাবী ও যুক্তি অতিমাত্রায় দুর্বল; কেননা, খ্রিষ্টান সম্প্রদায়গুলোর আইন সংকলনের ইতিহাস সম্পর্কে যার ন্যূনতম ধারণা আছে সেও জানে যে, এই সংকলনগুলো দশম শতাব্দীর পরে হয়েছে। অর্থাৎ ইসলামী আইন সম্পূর্ণরূপে সংকলিত ও প্রতিষ্ঠিত হওয়ার পর।

যদিও পঞ্চম শতাব্দীর শেষে -পারস্য শাসনামলে- ইরাকে নাস্তুরিয়া গির্জায় ছোট ছোট দুটি আইনী পুস্তিকার সন্ধান পাওয়া যায়, প্রথমটি ছিল বিবাহের বাধাসমূহ সম্পর্কে, আর দ্বিতীয়টি সম্পত্তি বন্টনের নিয়ম সম্পর্কিত। কিন্তু প্রথমটি লেখা হয় সুরিয়ানী ভাষায়, অপরটি পাহলবী (ইরানের প্রাচীন ফারসী) ভাষায়; উক্ত ভাষাদ্বয় ছিল খুবই দুর্লভ; যা মুসলিম আইনজ্ঞদের অজানা।[৩১]

তাছাড়া এই পুস্তিকাদ্বয় রোমান আইন দ্বারা প্রভাবিত নয়; কারণ ইরাকে রোমান সাম্রাজ্যের কোনো ধরনের প্রভাব ছিল না। অধিকন্তু, বিবাহ ও সম্পত্তি বন্টনের ইসলামী নিয়ম এবং খ্রিষ্টীয় নিয়মের মধ্যে বিস্তর ফারাক বিদ্যমান।[৩২]

---

২৮ প্রাগুক্ত, পৃ. ৮১।

২৯ প্রাগুক্ত, পৃ. ৮১।

৩০ ড. মুহাম্মদ আদদুসুকী, প্রাগুক্ত, পৃ. ২৪১।

৩১ ড. সূফী হাসান আবু তালিব, প্রাগুক্ত, পৃ. ৮৮।

৩২ প্রাগুক্ত, পৃ. ৮৮।

আব্বাসী খলিফা হারুনুর রশীদ (১৪৯-১৯৩ হি./৭৬৬-৮০৯ খ্রি.) এবং মামুনের (১৭০-২১৮ হি./৭৮৬-৮৩৩ খ্রি.) যুগে অনুবাদের যে জোয়ার বয়েছিল এর মাধ্যমেও রোমান আইন পরোক্ষভাবে ইসলামী আইনে প্রভাব ফেলা সম্ভব নয়। কারণ, সে সময় আইনের কোনো বই আরবীতে অনুবাদ করা হয় নি। নাদীম তার প্রসিদ্ধ গ্রন্থ "আল-ফেহরেস্ত" এ অনুবাদকদের নাম ও কাজের বর্ণনা দিয়েছেন। কিন্তু সেখানে আইনের কোনো বইয়ের উল্লেখ নেই। আরবী ভাষায় প্রথম বিদেশী আইনের বই অনুবাদ হয় একাদশ শতাব্দীর শেষের দিকে অর্থাৎ ইসলামী আইন সম্পূর্ণরূপে প্রতিষ্ঠিত হওয়ার কয়েক শতাব্দী পরে। সুতরাং অনুবাদের মাধ্যমেও ইসলামী আইন রোমান আইন দ্বারা প্রভাবিত হওয়া সম্ভব নয়।[৩৩]

৩. গ্রীক সভ্যতার মাধ্যমে

কোনো কোনো প্রাচ্যবিদ স্বীকার করে যে, আরবরা যে বইগুলো অনুবাদ করে সেখানে আইনের কোনো বই ছিল না এবং অনুবাদের মাধ্যমে ইসলামী আইন প্রভাবিত হয় নি। কিন্তু অন্য আরেকটি মাধ্যমে রোমান আইন দ্বারা প্রভাবিত হওয়ার দাবী করে। সেটি হল গ্রীক সভ্যতায় শিক্ষিত কিছু লোক ইসলাম গ্রহণ করার পর বাইজেন্টাইন চিন্তা ইসলামী আইনে ঢুকিয়ে দেয়।[৩৪]

কিন্তু এই লোকগুলো কি আইনের জ্ঞানী ছিল? কিভাবে ইসলামী আইনে প্রভাব ফেলেছে? ইতিহাস কি তাদের সমর্থন করে? এই সব প্রশ্নের উত্তর প্রাচ্যবিদদের কাছে নেই। তারা দলিল-প্রমাণ ছাড়া কেবল আন্দাজ ও সংশয় পোষণ করে তাদের মত ও চিন্তাধারার বিজয় কামনা করে এবং জ্ঞানের মাপকাঠির ভিত্তিতে উত্থাপিত ও গবেষণার কষ্টিপাথরে পরীক্ষিত বলে দাবী করে। প্রকৃতপক্ষে এগুলো নিছক ধারণা ও আন্দাজ নির্ভর, যা সঠিক ভিত্তি ও বাস্তব প্রমাণ বহির্ভূত।

এ হচ্ছে প্রাচ্যবিদদের প্রত্যক্ষ ও পরোক্ষ যুক্তি-প্রমাণ, যেগুলোর মাধ্যমে তারা ইসলামী আইনকে রোমান আইন দ্বারা প্রভাবিত হওয়ার দাবী করে। উক্ত প্রমাণাদি যাচাই-বাছাই করার পর স্পষ্ট হয়ে গেছে যে, এগুলো সম্পূর্ণ অশুদ্ধ, অযৌক্তিক, ভিত্তিহীন এবং নিছক ধারণা ছাড়া আর কিছুই নয়। ইতিহাস এগুলোকে অস্বীকার করে এবং সত্যিকার বৈষয়িক জ্ঞানগর্ভ সমালোচনার সামনে তা নিতান্তই দুর্বল ও অসহায়।

ইসলামী আইন ও রোমান আইনের মধ্যে বিরাজমান কিছু মৌলিক পার্থক্য

উপর্যুক্ত আলোচনা থেকে এ কথা স্পষ্ট হয়েছে, ইসলামী আইন রোমান আইন দ্বারা প্রভাবিত হওয়ার যাবতীয় যুক্তি-প্রমাণ সঠিক জ্ঞানের মানদণ্ডে অশুদ্ধ, তথাপিও যে পাঠক ইসলামী আইন ও রোমান আইনের বই-পুস্তক সূক্ষ্মভাবে পড়বে, সে দুই আইনের মধ্যে বেশ কিছু মৌলিক পার্থক্য ও বাস্তব ব্যবধানের সম্মুখীন হবে; যা তাকে ইসলামী আইনশাস্ত্র সম্পূর্ণ স্বতন্ত্র হওয়ার এবং অন্য কোনো আইন দ্বারা প্রভাবিত না হওয়ার বিশ্বাসকে আরো দৃঢ় করবে। সেই মৌলিক পার্থক্যের কিছু উদাহরণ নিম্নে তুলে ধরা হলো:[৩৫]

---

৩৩ ড. মুহাম্মদ ইউসূফ মূসা, ***আত-তাশরী' আল-ইসলামী ওয়া আছারুহু ফিত তাশরী' আল-গারবী (ইসলামী আইন ও পশ্চিমা আইনে এর প্রভাব)***, (কায়রো : ১৯৭৮ খ্রি.) পৃ. ১০৯।

৩৪ প্রাগুক্ত, পৃ. ৯৩।

৩৫ ড. আব্দুল মুনঈম আল-বাদরাবী, ***মাবাদিউল কানুন আর রোমানী (রোমান আইনের নীতিমালা)***, (কায়রো: ১৯৮৫ খ্রি.), পৃ. ২১১-২১৫; ড. মুহাম্মদ ইউসূফ মূসা, প্রাগুক্ত, পৃ. ১১০; আল-মাহমাসানী, সুবহী, ***ফালসাফাতুত তাশরী' আল-ইসলামী (ইসলামী আইনের দর্শন)***, (বৈরূত : দারুল ইলম লিল মালাঈন, ১৯৯৮ খ্রি.), পৃ. ২৮৫; ড. আব্দুল করীম যীদান, প্রাগুক্ত,

১. ইসলামী আইন পবিত্র কুরআন এবং সুন্নাহ থেকে সংগৃহীত। তাই এর উৎস ঐশী, আল্লাহ্ প্রদত্ত; পক্ষান্তরে রোমান আইনের উৎস মানবীয়।

২. ইসলামী আইন শারীরিক ও আধ্যাত্মিক দু' ধরনের হয়ে থাকে; কিন্তু রোমান আইনে আধ্যাত্মিক বিষয়ের কোনো স্থান নেই।

৩. ইসলামী আইনের বিষয়বস্তু মানুষের জন্মপূর্ব থেকে শুরু হয়ে মৃত্যুর পর পর্যন্ত বিস্তৃত। পক্ষান্তরে রোমান আইনে জন্মের আগের ও পরের অবস্থার কোনো সন্ধান নেই।

৪. ইসলামী আইনের চোখে সব মানুষ সমান কিন্তু রোমান আইনে সব মানুষ সমান নয়। সেখানে রাষ্ট্রপ্রধান ও বিভিন্ন শ্রেণিকে বিভিন্ন আইনের আওতা থেকে মুক্ত রাখা হয়েছে।

৫. ইসলামী আইনে একজন পুরুষ বুদ্ধিমত্তার স্তরে পৌঁছলে তার লেনদেন করার সম্পূর্ণ অধিকার থাকে, কিন্তু রোমান আইনে পিতা জীবিত থাকলে এবং তাকে লেনদেনের অধিকার না দেয়া পর্যন্ত তার এ অধিকার অস্বীকার করা হয়।

৬. তেমনিভাবে রোমান আইন মহিলাদেরকে -প্রাপ্ত বয়স্ক হওয়ার পর- বিবাহের পূর্বে তার পিতা কর্তৃক ও বিবাহের পরে স্বামী কর্তৃক অনুমোদিত হওয়া ছাড়া লেনদেন করার অধিকার দেয় না, পক্ষান্তরে ইসলামী আইন মহিলাদেরকে সাবালেগ হওয়ার পর সম্পূর্ণ লেনদেন করার অধিকার দেয়।

৭. রোমান আইন সন্তান পোষা ও তাকে আপন সন্তানের মত সব অধিকার দেয়ার স্বীকৃতি দেয়। কিন্তু ইসলামী আইন উক্ত স্বীকৃতি দেয় না।

৮. রোমান আইনে কনে অথবা তার অভিভাবক বিয়ের দেনমোহর বরকে দেবে। পক্ষান্তরে, ইসলামী আইনে বর কনেকে দিবে।

৯. ইসলামী আইনে ওয়াকফ, হক্কে শুফা, দুধ ভাই-বোনদের মধ্যে বিবাহ অবৈধতা স্বীকৃত। পক্ষান্তরে রোমান আইনে এই নিয়মগুলোর কোনো হদিস নেই।

১০. ইসলামী আইনে তা'যীর তথা সরকার প্রধান কর্তৃক অনির্দিষ্ট শাস্তির বিধান আছে। পক্ষান্তরে, রোমান আইনে এ ধরণের কোনো শাস্তির বিধান নেই।

রোমান আইনে চারিত্রিক বিষয়াদি আইন থেকে সম্পূর্ণ পৃথক। কিন্তু ইসলামী আইন চারিত্রিক বিষয়কে সম্পূর্ণ গুরুত্ব দেয় এবং এর ভিত্তিতে অনেক নিয়ম-নীতি প্রণীত।

আল-কুরআন ও আস-সুন্নাহর কিছু মৌলিক উদ্ধৃতি

আল-কুরআন ও আস-সুন্নাহর কিছু মৌলিক উদ্ধৃতি, যা ইসলামী আইন রোমান আইন অথবা অন্য কোনো উৎস থেকে নেয়া অথবা প্রভাবিত হওয়ার পথ বন্ধ করে দিয়েছে:

১. "আমি আপনার প্রতি অবতীর্ণ করেছি সত্য গ্রন্থ, যা পূর্ববর্তী গ্রন্থসমূহের সত্যায়নকারী এবং সেগুলোর বিষয়বস্তু রক্ষণাবেক্ষণকারী। অতএব, আপনি তাদের পারস্পারিক ব্যাপারাদিতে আল্লাহ্ যা অবতীর্ণ করেছেন তদনুযায়ী বিচার করুন এবং আপনার কাছে যে সৎপথ এসেছে, তা ছেড়ে তাদের প্রবৃত্তির অনুসরণ করবেন না। আমি তোমাদের প্রত্যেককে একটি আইন ও পথ দিয়েছি।

পৃ. ৮৫; ড. মুহাম্মদ আদদুসুকী, প্রাগুক্ত, পৃ. ২৪৭; ড. আহমদ মাহমুদ আশ-শাফিয়ী, ***আল-মাদখাল লিশ-শারীয়াতিল ইসলামীয়্যাহ (ইসলামী শরীয়াহর পটভূমি),*** (মিশর: আদ-দারুল জামিঈ'য়্যাহ ১৯৮৬ খ্রি.) পৃ.১৭৯-১৮৪।

যদি আল্লাহ্ চাইতেন, তবে তোমাদের সবাইকে এক উম্মত করে দিতেন, কিন্তু এরূপ করেন নি - যাতে তোমাদেরকে যা দিয়েছেন, তাতে তোমাদের পরীক্ষা নেন। অতএব, দৌড়ে কল্যাণকর বিষয়াদি অর্জন কর। তোমাদের সবাইকে আল্লাহ্‌র কাছে প্রত্যাবর্তন করতে হবে। অতঃপর তিনি অবহিত করবেন সে বিষয়, যাতে তোমরা মতবিরোধ করতে।"[৩৬]

২. "আর আমি আদেশ করছি যে, আপনি তাদের পারস্পারিক ব্যাপারাদিতে আল্লাহ্ যা নাযিল করেছেন তদনুযায়ী বিচার করুন; তাদের প্রবৃত্তির অনুসরণ করবেন না এবং তাদের থেকে সতর্ক থাকুন - যেন তারা আপনাকে এমন কোনো নির্দেশ থেকে বিচ্যুত না করে যা আল্লাহ্ আপনার কাছে নাযিল করেছেন।"[৩৭]

৩. "আর আপনার কাছে আমি কুরআন অবতীর্ণ করেছি, যাতে আপনি লোকদের সামনে ঐসব বিষয় বর্ণনা করেন, যেগুলো তাদের প্রতি নাযিল করা হয়েছে। যাতে তারা চিন্তা-ভাবনা করে।"[৩৮]

৪. "আমি আপনার প্রতি গ্রন্থ নাযিল করেছি যেটি এমন যে তা প্রত্যেক বস্তুর সুস্পষ্ট বর্ণনা, হিদায়াত, রহমত এবং মুসলিমদের জন্য সুসংবাদ।"[৩৯]

৫. মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইসলামের আগের উম্মত থেকে কোনো বিধান ইসলামী শরী'আতে গ্রহণ করতে অস্বীকৃতি জানিয়েছেন এবং সাহাবীদের কঠোরভাবে নিষেধ করেছেন:

"ওমর রাদিয়াল্লাহু আনহু রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট কোনো আহলে কিতাব থেকে পাওয়া একটি বই নিয়ে আসেন এবং তা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে পড়তে শুরু করলেন, ফলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রচণ্ড রাগান্বিত হয়ে যান এবং বলেন: "তোমাদের নিকট আমি স্বচ্ছ শুভ্র শরীয়ত নিয়ে এসেছি সুতরাং আহলে কিতাবদের কাছে কোনো কিছু সম্পর্কে জিজ্ঞাসা করবে না। তারা তোমাদের কাছে হয়ত সত্যের খবর দিবে তোমরা না জানার কারণে তা মিথ্যা বলবে অথবা অসত্য ও ভ্রান্ত কিছু বলবে, আর তোমরা তা সত্য বলে জানবে। ঐ সত্তার কসম যার হাতে আমার প্রাণ, যদি মূসাও জীবিত থাকতেন তাঁর পক্ষে আমার অনুসরণ করা ছাড়া কোনো উপায় থাকত না"।[৪০]

---

৩৬ আল-কুরআন, আল-মায়েদা : ৪৮ (وَأَنزَلْنَآ إِلَيْكَ ٱلْكِتَٰبَ بِٱلْحَقِّ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ مِنَ ٱلْكِتَٰبِ وَمُهَيْمِنًا عَلَيْهِ ۖ فَٱحْكُم بَيْنَهُم بِمَآ أَنزَلَ ٱللَّهُ ۖ وَلَا تَتَّبِعْ أَهْوَآءَهُمْ عَمَّا جَآءَكَ مِنَ ٱلْحَقِّ ۚ لِكُلٍّ جَعَلْنَا مِنكُمْ شِرْعَةً وَمِنْهَاجًا ۚ وَلَوْ شَآءَ ٱللَّهُ لَجَعَلَكُمْ أُمَّةً وَٰحِدَةً وَلَٰكِن لِّيَبْلُوَكُمْ فِى مَآ ءَاتَىٰكُمْ ۖ فَٱسْتَبِقُوا۟ ٱلْخَيْرَٰتِ ۚ إِلَى ٱللَّهِ مَرْجِعُكُمْ جَمِيعًا فَيُنَبِّئُكُم بِمَا كُنتُمْ فِيهِ تَخْتَلِفُونَ)।

৩৭ আল-কুরআন, আল-মায়েদা : ৪৮ (وَأَنِ ٱحْكُم بَيْنَهُم بِمَآ أَنزَلَ ٱللَّهُ وَلَا تَتَّبِعْ أَهْوَآءَهُمْ وَٱحْذَرْهُمْ أَن يَفْتِنُوكَ عَنۢ بَعْضِ مَآ أَنزَلَ ٱللَّهُ إِلَيْكَ)।

৩৮ আল-কুরআন, আন-নাহল : ৪৪ (وَأَنزَلْنَآ إِلَيْكَ ٱلذِّكْرَ لِتُبَيِّنَ لِلنَّاسِ مَا نُزِّلَ إِلَيْهِمْ وَلَعَلَّهُمْ يَتَفَكَّرُونَ)।

৩৯ আল-কুরআন, আন-নাহল : ৮৯ (وَنَزَّلْنَا عَلَيْكَ ٱلْكِتَٰبَ تِبْيَٰنًا لِّكُلِّ شَىْءٍ وَهُدًى وَرَحْمَةً وَبُشْرَىٰ لِلْمُسْلِمِينَ)।

৪০ ইমাম আহমদ ইবন হাম্বল, মুসনাদে আহমদ, (দামেশ্‌ক : আল-মাকতাবুল ইসলামী, ১৯৭৮ খ্রি.) খ. ৩, পৃ.৩৭৮।

পশ্চিমা বিশিষ্ট আইনজ্ঞদের কিছু সাক্ষ্য

প্রাচ্যবিদদের মধ্য থেকে যাঁরা ইসলামী আইন রোমান আইন দ্বারা প্রভাবিত মনে করেন, তারা মূলত আইনের লোক নয়, বরং ইতিহাসের লোক। তাই তাঁরা ইসলামী আইনকে ঐতিহাসিক দৃষ্টিকোন থেকে দেখেছেন, আইনী দৃষ্টিকোন থেকে নয়। ফলে ইউরোপ ও আমেরিকার কিছু প্রতিতযশা আইনজ্ঞ দার্শনিক যাঁরা ইসলামী আইন ও অন্যান্য আইন অধ্যয়ন করেছেন, তাঁরা উক্ত প্রাচ্যবিদদের সাথে ভিন্নমত পোষণ করেছেন, এ জন্য তাঁরা ইসলামী আইনকে জীবন্ত ও ক্রমোন্নতিযোগ্য এবং রোমান ও ইংলিশ আইনের পাশাপাশি স্বতন্ত্র চলমান তৃতীয় আইন ব্যবস্থা হিসেবে স্বীকৃতি দিয়ে ন্যায্য সাক্ষ্য দিয়েছেন, তাঁদের মধ্যে প্রণিধানযোগ্য-

১. বিশিষ্ট জার্মান আইনজ্ঞ প্রফেসর জোসেফ কোহলার (Josef Kohler) [1849-1919][42]

2. প্রসিদ্ধ আমেরিকান আইনী স্কলার প্রফেসর জন হেনরী উইগমোর (John Henry Wigmore) [1863-1943][43]

৩. বিশিষ্ট ফরাসী আইনবিদ প্রফেসর এডুয়ার্ড ল্যামবার্ট (Edouard Lambert) [1866- 1947][44]

4. প্রখ্যাত ইতালীয় আইনী দার্শনিক প্রফেসর জর্জিও দেল ভিসিউ (Giorgio Del Vecchio) [1878- 1970][45]

(روى الإمام أحمد أن عمر بن الخطاب - رضي الله عنه - أتى النبي صلى الله عليه وسلم بكتاب أصابه عن بعض أهل الكتاب فقرأه عليه، فغضب وقال: "لقد جئتكم بها بيضاء نقية، لا تسألوهم عن شيئ فتخبروكم بحق فتكذبوا به، أو بباطل فتصدقوا به، والذي نفسي بيده لو أن موسى حيا ما وسعه إلا أن يتبعني)

৪১ ড. ওয়াহাবাহ আযযুহাইলী, প্রাগুক্ত, খ. ৪, পৃ. ৩২২০।

৪২ প্রফেসর জোসেফ কোহলার ১৮৩৭ খ্রিস্টাব্দে ডক্টর অব ল' অর্জন করেন। ১৮৭৪ সালে জার্মানীর মানহাইম (Mannheim) এর বিচারক হিসেবে নিয়োগ পান। ১৮৭৮ সালে জার্মানীর ঐতিহাসিক ইউতসবার্গ বিশ্ববিদ্যালয়ে ও ১৮৮৮ সালে বার্লিন বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেন। তাঁর প্রচুর অবদানের মাধ্যমে আইনের তুলনামূলক ইতিহাসকে এগিয়ে নিতে সাহায্য করেছেন। আইনের দর্শন, নাগরিক আইন এবং আন্তর্জাতিক আইনে তার অনেক বই ও সংযোজন রয়েছে। (দেখুন : https://en.wikipedia.org/wiki/Josef_Kohler.)

৪৩ জন হেনরী উইগমোর : প্রসিদ্ধ আমেরিকান আইনজ্ঞ। ১৮৮৯-১৮৯২ খ্রিস্টাব্দ পর্যন্ত জাপানের কেইও বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেন। ১৯০১-১৯২৯ সাল পর্যন্ত নর্থ-ওয়েস্টার্ন বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ ল' এর অধিকর্তা ছিলেন। কমন ল' (১৯০৪) এ অ্যাংলো- আমেরিকান সিস্টেম অফ এভিডেন্স অন ট্রায়ালস-এর প্রচলন এবং উইগমোর চার্ট হিসাবে পরিচিত গ্রাফিকাল বিশ্লেষণ পদ্ধতিতে তিনি বেশী পরিচিত। (দেখুন: https://en.wikipedia.org/wiki/John_Henry_Wigmore.)

৪৪ প্রফেসর এডুয়ার্ড ল্যামবার্ট : বিশিষ্ট ফরাসী আইনজীবি, তিনি ১৮৯৬ সালে লিয়ন বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা শুরু করেন, আইন অনুষদের অধিকর্তা ছিলেন, ১৯০৬ সালের অক্টোবর থেকে ১৯০৭ সালের জুন পর্যন্ত মিশরের খিদিভিয়াল স্কুল অফ ল' এর পরিচালক ছিলেন। ১৯২১ সালে ফ্রান্সে প্রথম তুলনামূলক আইন ইনস্টিটিউট প্রতিষ্ঠা করেন। ১৯০৬ সালে মিশরীয় সিভিল ল'-এর খসড়া প্রণয়নে অংশগ্রহণ করেন। ১৯২৫ সালে রাশিয়ান আইনে ভূমিকা রাখেন, আমেরিকান বিচারিক পর্যালোচনা ধারনা, বিচার পদ্ধতি ও আইন শিক্ষা পদ্ধতিতে প্রভাব ফেলেন। তিনি ১৯৩৭ সালে নাইট উপাদিতে এবং তৎকালীন লেজিয়ান অফ অনার অফিসার হিসেবে ভূষিত হন। (দেখুন : https://fr.wikipedia. org/wiki/% C3%89 douard_ Lambert.)

৪৫ প্রফেসর জর্জিও দেল ভিসিউ : বিশ শতকের গোড়ার দিকের একজন বিশিষ্ট ইটালীয় আইনী দার্শনিক, তিনি ১৯০৪ সালে ফেরারার বিশ্ববিদ্যালয়ে, ১৯০৬ সালে সাসারি বিশ্ববিদ্যালয়ে, ১৯০৯ সালে মেসিনা বিশ্ববিদ্যালয়ে, ১৯১১ সালে বোলোনা বিশ্ববিদ্যালয়ে এবং ১৯০৫ থেকে ১৯৫৩ সাল পর্যন্ত রোম বিশ্ববিদ্যালয়ের আইন দর্শনের অধ্যাপক ছিলেন। ১৯২৫ সাল

কিছু প্রাচ্যবিদদের সরল স্বীকারোক্তি

বিশিষ্ট ফরাসী আইনজ্ঞ প্রাচ্যবিদ যীস[46] (তবুং) বলেন, আমি যখনই ইসলামী আইনের বই পড়ি এটা অনুভব হয় যে, রোমান আইন সম্পর্কে আমি যা জানি তা ভূলে গেছি এবং আমি মনে করি ইসলামী আইন ও রোমান আইনের মধ্যকার সম্পর্ক বলতে কিছু নেই, কারণ রোমান আইনের উৎস মানব জ্ঞান আর ইসলামী আইন নির্ভর।[47]

তেমনিভাবে প্রাচ্যবিদ ড. ইননেরিকু ইনসাবাতু[48] (উহৎরপড় ওহংধনধঃড়) বলেন, ইসলামী আইন অনেক বিষয়ে ইউরোপীয় আইনকে ছাড়িয়ে গেছে; বরং ইসলামই বিশ্বে সবচেয়ে দৃঢ় ও সুপ্রতিষ্ঠিত আইন দিয়েছে।[49]

বিভিন্ন আন্তর্জাতিক আইন সম্মেলনের সর্বসম্মত সিদ্ধান্ত

১. ১৯৩২ সালে হলান্ডের হেগ শহরে অনুষ্ঠিত ১ম 'আন্তর্জাতিক তুলনামূলক আইন সম্মেলন'-এ বিভিন্ন দেশের সকল আইনজীবিগণ এই সিদ্ধান্ত দেন যে, ইসলামী আইনও বিশ্বে চলমান মৌলিক, স্বতন্ত্র এবং গ্রহণযোগ্য আইন ব্যবস্থাসমূহের একটি।[50]

২. ১৯৩৭ সালে হলান্ডের হেগ শহরে অনুষ্ঠিত ২য় আন্তর্জাতিক তুলনামূলক আইন সম্মেলন-এর ঐতিহাসিক সর্বসম্মত সিদ্ধান্তও ইসলামী আইনের মৌলিকতাকে স্বীকার করে ইসলামী আইনের স্বাতন্ত্রের ঘোষণা দিয়েছে। সিদ্ধান্তগুলোর মধ্যে ছিল:
   - ইসলামী শরী'আহ আইনের উৎসগুলোর মধ্য থেকে একটি উৎস
   - ইসলামী শরী'আহ জীবন্ত ও ক্রমোন্নতি যোগ্য
   - ইসলামী আইন ও শরী'আহ নিজস্ব উৎসের উপর প্রতিষ্ঠিত, অন্য কোনো উৎস থেকে সংগৃহীত নয়।[51]

থেকে ১৯২৭ পর্যন্ত রোম বিশ্ববিদ্যালয়ের রেক্টর ছিলেন। তিনি প্রথমে ফ্যাসিবাদ মেনে চলা ও পরে ফ্যাসিবাদ থেকে নিজেকে সরিয়ে নেয়ার জন্য অধ্যাপক পদ হারিয়েছিলেন। তিনি আন্তর্জাতিক আইনী দর্শন জার্নালের প্রতিষ্ঠাতা পরিচালক ছিলেন। তিনি অনেক গুলো মৌলিক রেফারেন্স গ্রন্থ রচনা করেছেন, তবে তিনি তাঁর 'জাস্টিস' বইয়ের জন্য বিখ্যাত। (বিস্তারিত দেখুন: https://en.wikipedia.org/wiki/Giorgio_Del_Vecchio)

৪৬ যীস (তবুং) একজন ফরাসী প্রাচ্যবিদ স্কলার, ইসলামী আইন বিশেষজ্ঞ ও বিচারপতি ছিলেন। ফ্রান্সের উপনিবেশকালে আলজেরিয়ার আপিল আদালতের প্রধান ছিলেন। ১৮৮৬ সালে বহু ইসলামী আইন ও বিচার ফরাসি ভাষায় অনুবাদ করেন।

(দেখুন:https://www.asjp.cerist.dz/en/downArticle/136/7/5/172464;https://shamela.ws/book/14100/2737; Visited on 15-02-2023)।

৪৭ ড. আব্দুল কাদের ইবন হারযাল্লাহ, *মাকানাতুশ শারীয়াহ আল-ইসলামিয়্যাহ বাইনান-নুযুম আল-কানুনিয়্যাহ আল-গারবিয়্যাহ (পশ্চিমা আইন ব্যবস্থাসমূহের মাঝে ইসলামী আইনের অবস্থান)*, (আলজেরিয়া : জালফাহ বিশ্ববিদ্যালয়, আইন ও সমাজ বিজ্ঞান জার্নাল, ৪ র্থ সংখ্যা, ২০১৭ খ্রি.) পৃ. ২৪৩।

৪৮ ড. ইনেরিকু ইনসাবাতু (Enrico Insabato) একজন ইতালীয় দার্শনিক ও প্রাচ্যবিদ স্কলার। জন্ম ১৮৭৮ সালে এবং মৃত্যু ১৯৬৩ সালে। (বিস্তারিত দেখুন : https://en.wikipedia.org/wiki/Enrico_Insabato Visited on 15-02-2023)

৪৯ ড. ওয়াহাবাহ আয-যুহাইলী, *জুহুদু তাকনীনিল ফিকহিল ইসলামী (ইসলামী আইন বিধিবদ্ধকরণ প্রচেষ্টাসমূহ)*, (বৈরূত : মুয়াসসাতুর রিসালাহ, ১ম প্রকাশ, ১৪০৮ হি.) পৃ. ৯৭।

৫০ ড. আব্দুল কাদের ইবন হারযাল্লাহ, প্রাগুক্ত, পৃ. ২৪৬।

৩. ১৯৩৮ খ্রিস্টাব্দে সালে হলান্ডের হেগ শহরে অনুষ্ঠিত আন্তর্জাতিক আইনজীবি কনফারেন্স-এ বিশ্বের ৫৩ দেশের আইনজীবিদের সর্বসম্মত সিদ্ধান্তসমূহের মধ্যে ছিল, অবশ্যই বিশ্বের প্রত্যেক আইনজীবি সমিতি ও বার এসোসিয়েশন এই স্বতন্ত্র ইসলামী আইনের তুলনামূলক অধ্যয়ন গ্রহণ করবে ও উৎসাহ প্রদান করবে।

৪. ১৯৫১ সালে প্যারিস বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদ কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক সম্মেলন-এ গৃহিত সিদ্ধান্ত থেকে;

ক. ইসলামী আইনশাস্ত্রের নীতিগুলির গুরুত্বপূর্ণ আইনী মান রয়েছে

খ. ইসলামী আইনশাস্ত্রের স্কুল অব থটস্-গুলোর বিভিন্ন মতবিরোধপূর্ণ মতবাদগুলি ও শাখা-প্রশাখায় প্রচুর পরিমাণে আইনী তথ্য ও সম্পদ রয়েছে যা প্রশংসার বিষয়। ইসলামী আইন নাগরিক জীবনের সকল অধিকার ও প্রয়োজনের প্রতি সাড়া দিতে সক্ষম।[৫২]

উপসংহার

এই প্রবন্ধের পরিশেষে যে রেজাল্টে আমরা উপনিত হয়েছি;

১. ইসলামী আইন মৌলিক উৎসের দিক দিয়ে, খাঁটি এর এর সংকলন ও বিন্যাসের পদ্ধতিতে, স্বতন্ত্র এর পরিভাষা ও পদ্ধতিতে

২. ইসলামী আইনের এই মৌলিকতা ও স্বাতন্ত্র খর্ব করে যে দাবি করা হয়েছে এর সমর্থনে সঠিক কোনো প্রমাণ পেশ করতে সক্ষম হয়নি। কেবল নিজেদের আন্দাজ-অনুমান, সংশয় ও উদ্দেশ্য প্রণোদিত আরোপিত অপপ্রয়াস, যা অন্তরসারশুন্য। জ্ঞানগর্ভ গবেষণায় এর কোনো মূল্য নেই

৩. এইজন্য এই বাস্তবতাকে স্বীকার করে অনেক নিরপেক্ষ পশ্চিমা আইনবিদ সাক্ষ্য দিয়েছেন। অতএব, এর দ্বারা প্রমাণিত হয় যে, ইসলামী আইনের মৌলিকতা ও স্বতন্ত্রতা এতই স্পষ্ট যে, যাঁরা এ আইনকে বিশ্বাস ও বাস্তবায়ন করেন না তারাও এর যথাযথ স্বীকৃতি দিয়েছেন

আন্তর্জাতিক বিভিন্ন ঐতিহাসিক আইন সম্মেলন ইসলামী আইনের মৌলিকতার স্বীকৃতি দিয়েছে এবং ইসলামী শরীয়াহকে আইনের একটি উৎস হিসেবে গ্রহণ করার সর্বসম্মত সুপারিশ করেছে।

---

৫১ ড. মুহাম্মদ ইউসুফ মূসা, *তারিখুল ফিকহিল ইসলামী (ইসলামী আইনের ইতিহাস)*, (কায়রো : মা'হাদুদ দিরাসাতিল আরাবিয়্যাহ আল 'উলয়া ১৯৫৪ খ্রি.) পৃ. ১-৯; ড. মুহাম্মদ আলী আস-সায়েস, *তারিখুল ফিকহিল ইসলামী*, *(ইসলামী আইনের ইতিহাস)*, প্রাগুক্ত, পৃ. ২৩২। এ প্রসঙ্গে ড. আস-সায়েস বলেন : উক্ত সম্মেলনে মিশর আল-আযহার বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি হিসেবে দুইজন আযহারী স্কলার– প্রাজ্ঞ ড. মুহাম্মদ আব্দুল্লাহ দারাজ (১৮৯৪-১৯৫৮) ও ড. মুহাম্মদ আলী আস-সায়েস (১৮৯৯-১৯৭৬) উপস্থিত ছিলেন। তাঁরা ইসলামী আইনের স্বকীয়তা ও ইসলামী আইন রোমান বা অন্য কোনো আইন দ্বারা প্রভাবিত না হওয়ার প্রমাণ এবং ইসলামী আইন রোমান আইন দ্বারা প্রভাবিত হওয়ার ধারণাপ্রসূত দাবী গবেষণামূলক প্রবন্ধের মাধ্যমে নিরসন করে পশ্চিমা আইনজ্ঞদের ইসলামী আইনের মান-মর্যাদা মৌলিকতা বুঝাতে সক্ষম হওয়ায় উক্ত সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

৫২ ড. আব্দুল কাদের ইবন হারযাল্লাহ, প্রাগুক্ত, পৃ. ২৪৮।